

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
আইন-১ অধিশাখা
Website: www.lgd.gov.bd

৪৬.০২০.০০৪.০১.০০:১১৭.২০১৪- ৪২৬৬


তারিখ : ২৪-১১-২০১৬খ্রিঃ।

বিষয় : রাজশাহী জেলার বাঘা পৌরসভার সীমানা সম্প্রসারণের প্রকল্পের বিরুদ্ধে দায়েরকৃত রীট মামলা প্রসঙ্গে।

রাজশাহী জেলার বাঘা পৌরসভার সীমানা সম্প্রসারণের প্রকল্পের বিরুদ্ধে মাননীয় হাইকোর্ট বিভাগে দায়েরকৃত ১৫৬৮/২০১৪ এবং ১৫৭২/২০১৪নং রীট পিটিশনসমূহ এ বিভাগের প্যানেল আইনজীবীর মাধ্যমে নিষ্পত্তি করার জন্য বিবেচ্যপত্রে আইন-১ অধিশাখাকে অনুরোধ করা হয়েছে। উল্লেখ্য, বর্ণিত বিষয়ে দায়েরকৃত ১৫৬৮/২০১৪নং এবং ১৫৭২/২০১৪নং রীট পিটিশনে সরকার পক্ষে দফাওয়ারী জবাব এ বিভাগে প্রেরণের জন্য বিগত ০৮-০৫-২০১৪ তারিখে জেলা প্রশাসক, রাজশাহীকে অনুরোধ করা হয়। চাহিত জবাব অদ্যাবধি পাওয়া যায়নি।

০২। এমতাবস্থায়, সরকার পক্ষে মামলাটি প্রতিদ্বন্দ্বিতাসহ প্রয়োজনীয় আইনানুগ ব্যবস্থা গ্রহণের জন্য এ বিভাগের বেসরকারি প্যানেল আইনজীবী হিসেবে নির্দেশক্রমে তাঁকে দায়িত্ব প্রদান করা হলো। মামলার আনুষঙ্গিক কাগজপত্র এতদসঙ্গে প্রেরণ করা হলো।

সংযুক্তঃ বর্ণনামতে ----- ফর্দ।


(মোঃ ইশান আলী রাজা বাঙালী)
উপসচিব
৯৫৪০১৯৫
Email: ishanaliraja@gmail.com

জনাব মোঃ আশরাফুল আলম
বেসরকারি প্যানেল আইনজীবী
স্থানীয় সরকার বিভাগ।

অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলোঃ

- ০১। বিজ্ঞ এটর্নী জেনারেল অব বাংলাদেশ, বাংলাদেশ সুপ্রীমকোর্ট, ঢাকা;
- ০২। বিজ্ঞ সলিসিটর, সলিসিটর অনুবিভাগ, আইন ও বিচার বিভাগ, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সুপ্রীমকোর্ট, ঢাকা;
- ০৩। সহকারী সচিব (পৌর-২ অধিশাখা), স্থানীয় সরকার বিভাগ (মামলার ঘটনার প্রকৃত বিবরণীসহ আনুষঙ্গিক কাগজপত্র অতি সত্ত্বর আইন-১ অধিশাখায় প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো);
- ০৪। সচিবের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য);
- ০৫। কম্পিউটার প্রোগ্রামার (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ);